মেহেরপুরে নির্বাচনী কেন্দ্রগুলোতে পাঠানো হচ্ছে ব্যালট বক্স ও সরঞ্জাম

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে মেহেরপুর জেলার বিভিন্ন নির্বাচনী কেন্দ্রে ব্যালট বক্স, ব্যালট পেপারসহ প্রয়োজনীয় নির্বাচনী সরঞ্জাম পাঠানোর কার্যক্রম শুরু হয়েছে। আজ বুধবার (১১ ফেব্রুয়ারি) সকাল ১০টায় জেলার তিনটি উপজেলায় একযোগে এ কার্যক্রমের সূচনা হয়।

সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা খাইরুল ইসলাম উপজেলা পর্যায়ে দায়িত্বপ্রাপ্ত প্রিজাইডিং অফিসারদের হাতে আনুষ্ঠানিকভাবে নির্বাচনী সরঞ্জাম হস্তান্তর করেন।

এ সময় জেলা নির্বাচন কর্মকর্তা এনামুল হক, উপজেলা নির্বাচন কর্মকর্তা বাবু হকসহ সংশ্লিষ্ট উপজেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

জেলা নির্বাচন কার্যালয় সূত্রে জানা গেছে, মেহেরপুর জেলার দুটি সংসদীয় আসনে মোট ভোটার সংখ্যা ৫ লাখ ৮০ হাজার ৬০৮ জন। জেলায় মোট ভোটকেন্দ্র রয়েছে ২১৩টি।

এর মধ্যে মেহেরপুর-১ (মেহেরপুর সদর ও মুজিবনগর) সংসদীয় আসনে ভোটার রয়েছেন ৩ লাখ ১৩ হাজার ২১৬ জন এবং ভোটকেন্দ্র রয়েছে ১২৩টি। অপরদিকে মেহেরপুর-২ (গাংনী) সংসদীয় আসনে ভোটার সংখ্যা ২ লাখ ৬৭ হাজার ৩৯০ জন এবং ভোটকেন্দ্র রয়েছে ৯০টি।

সরোজগঞ্জে কারেন্ট জালসহ ৫০

হাজার টাকার সরঞ্জাম ধ্বংস

চুয়াডাঙ্গার সরোজগঞ্জ বাজারে যৌথ বাহিনীর বিশেষ অভিযানে বিপুল পরিমাণ অবৈধ মাছ ধরার সরঞ্জাম জব্দ ও ধ্বংস করা হয়েছে। গতকাল মঙ্গলবার দুপুর ১টার দিকে এ অভিযান পরিচালিত হয়।

অভিযানকালে সরোজগঞ্জ বাজারের জাহাঙ্গীর স্টোর থেকে প্রায় ৫০ হাজার টাকার অবৈধ মালামাল জব্দ করা হয়। জব্দকৃত মালামালের মধ্যে ছিল মাছ ধরার নিষিদ্ধ কারেন্ট জাল, প্রায় ১০ কেজি জাল, জাল তৈরির বিভিন্ন সরঞ্জাম, ভারা ও মাদলী, আতশবাজি এবং পটকা। পরে উদ্ধারকৃত সব মালামাল আগুনে পুড়িয়ে ধ্বংস করা হয়।

চুয়াডাঙ্গা সদর উপজেলা সহকারী ভূমি কর্মকর্তা আশিক মমতাজের নির্দেশনায় এ বিশেষ অভিযান পরিচালিত হয়। তবে এ ঘটনায় কাউকে কোনো আর্থিক জরিমানা করা হয়নি বলে জানা গেছে। অভিযান চলাকালে বিজিবি ও পুলিশ সদস্যরা সার্বিক সহযোগিতা প্রদান করেন।

স্থানীয়রা জানান, দীর্ঘদিন ধরে সরোজগঞ্জ বাজারে গোপনে কারেন্ট জাল ও নিষিদ্ধ সরঞ্জামের বেচাকেনা চলছিল। অভিযানের পর এলাকাবাসী স্বস্তি প্রকাশ করেছেন এবং এ ধরনের অভিযান নিয়মিত চালানোর দাবি জানিয়েছেন।